গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
প্রশাসন-২ শাখা
www.sid.gov.bd

বিষয়: ১৮ অক্টোবর ২০২২ **শেখ রাসেল দিবস** পালনের নিমিত্ত অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. শাহনাজ আরেফিন এনডিসি<br>সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ |
| তারিখ ও সময় | : | ২৯ সেপ্টেম্বর ২০২২, সকাল ১০: ০০ মিনিট |
| স্থান | : | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সভাকক্ষ (ব্লক-এ) |
| সভার উপস্থিতি | : | পরিশিষ্ট-ক |

সভার শুরুতে সভাপতি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, স্বাধীনতার মহান স্থপতি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারের শহীদ সদস্যদের প্রতি বিনম্র শ্রদ্ধা জ্ঞাপন করেন। তিনি উল্লেখ করেন ১৯৭৫ সালের ১৫ আগস্ট নির্মম হত্যাকাণ্ডের শিকার শহীদ শেখ রাসেল স্মরণে ২০২১ সাল হতে জাতীয়ভাবে 'শেখ রাসেল দিবস' পালন করা হচ্ছে। পরে সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (প্রশাসন) সভাকে অবহিত করেন যে, ১৮ অক্টোবর ২০২২ তারিখে শেখ রাসেল দিবস পালনোপলক্ষে গত ২০/০৯/২০২২ খ্রি. তারিখ বিকাল ৩ টায় জুম প্ল্যাটফর্মে জাতীয় উদ্‌যাপন কমিটির চূড়ান্ত প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের মাননীয় প্রতিমন্ত্রী জনাব জুনাইদ আহ্‌মেদ পলক।

২। উক্ত সভায় সর্বমোট ১৪টি সিদ্ধান্ত গৃহীত হয়। তন্মধ্যে নিম্নবর্ণিত ৩টি সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য সকল মন্ত্রণালয়/বিভাগকে অন্তর্ভুক্ত করা হয়েছে:

**সিদ্ধান্ত-৪:** ১৮ অক্টোবর ২০২২ সকাল ৬.০০ টায় বনানী কবরস্থানে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধাঞ্জলি জ্ঞাপন করতে হবে;

**সিদ্ধান্ত-৫:** সকাল ৭.৩০ মিনিটে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র হতে বর্ণাঢ্য র‍্যালি শুরু হয়ে পরিকল্পনা কমিশনের সামনের রাস্তা হয়ে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে এসে শেষ হবে;

**সিদ্ধান্ত-১৪:** মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার কর্মসূচি ২৫ সেপ্টেম্বর ২০২২ খ্রি. তারিখের পূর্বে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরে সমন্বয়ের নিমিত্ত প্রেরণ নিশ্চিত করতে হবে।

যুগ্মসচিব (প্রশাসন) আরও বলেন যে, জাতীয়ভাবে আয়োজিত 'শেখ রাসেল দিবস' ১৮ অক্টোবর ২০২২ তারিখ সকাল ১০টায় উদ্বোধনী ও পদক প্রদান অনুষ্ঠানে (ভার্চুয়ালি) মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা অংশগ্রহণ করবেন মর্মে সানুগ্রহ সম্মতি জ্ঞাপন করেছেন।

৩। সভার এপর্যায়ে সভাপতির অনুমতিক্রমে সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-২) সভা-কে অবহিত করেন যে, দিবসটি পালনের জন্য পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের খসড়া কর্মসূচি ২৫/০৯/২০২২ তারিখে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগে প্রেরণ করা হয়েছে। তিনি আরও জানান গতবছর দিবসটি উপলক্ষে কেক কাটা হয়েছে এবং শেখ রাসেল-এর জীবনী নিয়ে একটি ভিডিও প্রামাণ্যচিত্র প্রদর্শন ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

৪। দিবসটি যথাযথভাবে পালনের নিমিত্ত সভার আলোচনাপর্বে এ বিভাগের অতিরিক্ত সচিব, যুগ্মসচিব, উপসচিব, সিনিয়র সহকারী সচিব, সহকারী সচিবসহ অন্যান্য কর্মকর্তাগণ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর উপমহাপরিচালক, পরিচালকবৃন্দ আলোচনায় অংশগ্রহণ করে তাঁদের মূল্যবান মতামত ব্যক্ত করেন। সভার আলোচনা, মতামত ও সিদ্ধান্ত বিস্তারিতভাবে নিম্নে উল্লেখ করা হলো:

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

পূর্ব পৃষ্ঠার পর

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ৪.১ | ১৮ অক্টোবর শেখ রাসেল দিবস পালন | ১৮ অক্টোবর ২০২২ তারিখে শেখ রাসেল দিবস পালনের লক্ষ্যে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক যৌথভাবে দিবসটি পালনের বিষয়ে সভায় আলোচনা হয়। | ক. পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো যৌথভাবে দিবসটি পালন করবে এবং বিবিএস অডিটরিয়ামে আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করা হবে। | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো |
| ৪.২ | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর মাঠ পর্যায়ের অফিসসমূহে শেখ রাসেল দিবস পালন | ১৮ অক্টোবর শেখ রাসেল দিবস পালনের নিমিত্ত বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর মাঠপর্যায়ের অফিসসমূহ (বিভাগীয়, জেলা ও উপজেলা পরিসংখ্যান অফিস) স্থানীয় প্রশাসনের গৃহীত দিবস পালনের কর্মসূচির সাথে সমন্বয় করে দিবসটি যথাযথভাবে পালন করার বিষয়ে সভায় আলোচনা হয়। | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর মাঠপর্যায়ের অফিসসমূহ (বিভাগীয়, জেলা ও উপজেলা পরিসংখ্যান অফিস) স্থানীয় প্রশাসন কর্তৃক আয়োজিত দিবস পালনের অনুষ্ঠানের সাথে সমন্বয় করে কর্মসূচি প্রণয়নপূর্বক দিবসটি যথাযথভাবে পালন করবে। | মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো |
| ৪.৩ | বিল বোর্ড, ব্যানার স্থাপন | শেখ রাসেল দিবস পালনের লক্ষ্যে পরিসংখ্যান ভবনের গেটের সামনে শেখ রাসেলের প্রতিকৃতি সংবলিত সুন্দর বর্ণিল ব্যানার/বিল বোর্ড স্থাপন এবং ভবনের উপর থেকে নিচ পর্যন্ত ড্রপ ডাউন ব্যানার, শেখ রাসেল-এর বিভিন্ন ছবি স্থাপনের বিষয়ে সভায় আলোচনা হয়। | পরিসংখ্যান ভবনের গেইটের সামনে শেখ রাসেলের প্রতিকৃতি সংবলিত সুন্দর বর্ণিল ব্যানার (দুই দিকে বেলুনসহ)/বিল বোর্ড স্থাপন এবং পরিসংখ্যান ভবনের নিচতলার বিভিন্ন স্থানে তাঁর ছবি এবং ভবনের উপর থেকে নিচ পর্যন্ত তাঁর ছবি প্রতিকৃতি সংবলিত ড্রপ ডাউন ব্যানার স্থাপন করতে হবে। | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো |
| ৪.৪ | "শেখ রাসেল কর্নার" স্থাপন | শেখ রাসেল দিবস পালনের নিমিত্ত পরিসংখ্যান ভবনের প্রবেশমুখে ভেতরে বা পাশে (পূর্বের সেন্সাস কর্ণারের স্থান) শেখ রাসেল-এর কর্ণার স্থাপন। | পরিসংখ্যান ভবনের প্রবেশমুখে ভেতরে (পূর্বের সেন্সাস কর্ণারের স্থান) শেখ রাসেল কর্ণার স্থাপন করতে হবে। উক্ত কর্ণারে শেখ রাসেল এর প্রতিকৃতি ও অন্যান্য ছবি স্থাপনপূর্বক কর্ণারটি সুন্দর করে সাজাতে হবে। | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো |
| ৪.৫ | পুষ্পস্তবক অর্পণ | শেখ রাসেল দিবস পালনের নিমিত্ত পরিসংখ্যান ভবনের প্রবেশমুখে প্রস্তুত "শেখ রাসেল কর্ণার"-এ স্থাপিত শেখ রাসেলের প্রতিকৃতিতে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণে ১৮ অক্টোবর ২০২২ তারিখ সকাল ৮.৩০ মিনিট পুষ্পস্তবক অর্পণের বিষয়ে আলোচনা হয়। | পরিসংখ্যান ভবনের প্রবেশমুখে প্রস্তুত "শেখ রাসেল কর্ণার"-এ স্থাপিত শেখ রাসেলের প্রতিকৃতিতে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণে ১৮ অক্টোবর ২০২২ তারিখ সকাল ৮.৩০ মিনিট পুষ্পস্তবক অর্পণ করতে হবে। | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো |

পূর্ব পৃষ্ঠার পর

| | | | | |
|---|---|---|---|---|
| ৪.৬ | শিশু কিশোরদের অংশগ্রহণে ভিডিও প্রামাণ্যচিত্র প্রদর্শন | শেখ রাসেলের জীবন সম্পর্কে জানানোর জন্য পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)-এর কর্মকর্তা/কর্মচারীগণের শিশু-কিশোরদের (৬-১৮ বছর বয়স) অংশগ্রহণে ভিডিও প্রামাণ্যচিত্র প্রদর্শনের বিষয়ে আলোচনা হয়। পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের আইসিটি অধিশাখা শেখ রাসেলর উপর ভিডিও প্রামাণ্যচিত্র প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করবে। | শেখ রাসেলের জীবন সম্পর্কে জানানোর জন্য ১৮ অক্টোবর অথবা ১৯ অক্টোবর ২০২২ তারিখ অফিস ছুটির পর পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)-এর কর্মকর্তা/ কর্মচারীগণের শিশু-কিশোরদের (৬-১৮ বছর বয়স) অংশগ্রহণে (বিকাল ৩.৩০ মিনিট হতে ৫.০০ পর্যন্ত) ভিডিও প্রামাণ্যচিত্র প্রদর্শনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। তারিখ ও সময় উপকমিটি নির্ধারণ করবে। | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ-এর আইসিটি অধিশাখা |
| ৪.৭ | টিফিন ও লিফলেট বিতরণ | ভিডিও প্রামাণ্যচিত্র প্রদর্শন শেষে আগত শিশু-কিশোরদের মাঝে টিফিন ও শেখ রাসেলের জীবন সম্পর্কে লিফলেট বিতরণের বিষয়ে সভায় আলোচনা হয়। | প্রামাণ্যচিত্র প্রদর্শন শেষে আগত শিশু-কিশোরদের মাঝে টিফিন ও শেখ রাসেলের জীবন সম্পর্কে লিফলেট বিতরণের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো |
| ৪.৮ | কেক কাটা ও শিশুদের মাঝে বিতরণ | শেখ রাসেলের জীবন সম্পর্কে জানানোর জন্য ১৮ অক্টোবর অথবা ১৯ অক্টোবর ২০২২ তারিখ অফিস ছুটির পর আগত শিশু-কিশোরদের নিয়ে কেক কাটা ও বিতরণের জন্য উপসচিব (উন্নয়ন-২)-কে আহবায়ক এবং উপসচিব (এসডিজি সেল)-কে সদস্য-সচিব করে ১০ (দশ) সদস্যের একটি কমিটি গঠনের বিষয়ে আলোচনা হয়। | শেখ রাসেলের জীবন সম্পর্কে জানানোর জন্য ১৮ অক্টোবর অথবা ১৯ অক্টোবর ২০২২ তারিখ অফিস ছুটির পর আগত শিশু-কিশোরদের নিয়ে কেক কাটা ও বিতরণের জন্য উপসচিব (উন্নয়ন-২)-কে আহবায়ক এবং উপসচিব (এসডিজি সেল)-কে সদস্য-সচিব করে ১০ (দশ) সদস্যের একটি কমিটি গঠনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো |
| ৪.৯ | উপকমিটি গঠন | শেখ রাসেল দিবস যথাযথভাবে উদ্‌যাপনের জন্য পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)-এর কর্মকর্তাদের সমন্বয়ে বিভিন্ন উপকমিটি গঠনের বিষয়ে আলোচনা হয়। | শেখ রাসেল দিবস যথাযথভাবে উদ্‌যাপনের জন্য পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)-এর কর্মকর্তাদের সমন্বয়ে নিম্নরূপ উপকমিটি (**পরিশিষ্ট-খ**) গঠনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়:<br>**(ক) পুষ্পস্তবক অর্পণ উপকমিটি**<br>**(খ) আলোচনা সভা উপকমিটি**<br>**(গ) সাজ সজ্জা উপকমিটি**<br>**(ঘ) আপ্যায়ন উপকমিটি**<br>**(ঙ) শিশুদের ব্যবস্থাপনা উপকমিটি**<br>**(চ) ভিডিও চিত্র প্রদর্শন উপকমিটি**<br>উল্লেখ্য, সকল অনুষ্ঠান যুগ্মসচিব (তথ্য ব্যবস্থাপনা) তদারকি করবেন। | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো |

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

পূর্ব পৃষ্ঠার পর

৬। সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন এবং কর্মসূচির সাফল্য কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১০.১০.২২
ড. শাহনাজ আরেফিন এনডিসি
সচিব

নং-৫২.০০.০০০০.০০৬.২৩.২০৯.৯২ (অংশ-২)-২৪৬

তারিখ: ২৫ আশ্বিন ১৪২৯ / ১০ অক্টোবর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। অতিরিক্ত সচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
২। মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।
৩। যুগ্মসচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
৪। উপমহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।
৫। উপসচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
৬। পরিচালক (এফএ অ্যান্ড এমআইএস) উইং, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।
৭। সিনিয়র সহকারী সচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
৮। সিস্টেম অ্যানালিস্ট, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
৯। সহকারী সচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
১০। প্রোগ্রামার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
১১। সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।

অনুলিপি:

১। সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। অফিস কপি।

১০/১০/২২
মোঃ ফরিদ হোসেন
সিনিয়র সহকারী সচিব

## পরিশিষ্ট-খ

শেখ রাসেল দিবস-২০২২ পালনের নিমিত্ত পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কর্মকর্তাগণের সমন্বয়ে নিম্নরূপ কমিটিসমূহ গঠন করা হলো:

### ১. পুষ্পস্তবক অর্পণ উপকমিটি:

| | | |
|---|---|---|
| (ক) | উপসচিব (প্রশাসন-১), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ | আহ্বায়ক |
| (খ) | উপসচিব (উন্নয়ন-৩), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ | সদস্য |
| (গ) | উপপরিচালক (মোঃ আলমগীর হোসেন), সেন্সাস উইং, বিবিএস | সদস্য |
| (ঘ) | উপপরিচালক (জনাব মহিউদ্দিন আহমেদ, এম.পি.এইচ), সেন্সাস উইং, বিবিএস | সদস্য |
| (ঙ) | সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-২), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ। | সদস্য-সচিব |

### ২. আলোচনা সভা উপকমিটি:

| | | |
|---|---|---|
| (ক) | উপসচিব (এসডিজি সেল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ | আহ্বায়ক |
| (খ) | যুগ্মপরিচালক (মো. গোলাম মোস্তফা), সেন্সাস উইং, বিবিএস | সদস্য |
| (গ) | উপপরিচালক (ইফতেখাইরুল করিম), ডেমোগ্রাফী অ্যান্ড হেলথ উইং, বিবিএস | সদস্য |
| (ঘ) | সিনিয়র সহকারী সচিব (তথ্য ব্যবস্থাপনা-২), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ | সদস্য |
| (ঙ) | উপসচিব (প্রশাসন-৩), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ। | সদস্য-সচিব |

### ৩. সাজ সজ্জা উপকমিটি:

| | | |
|---|---|---|
| (ক) | উপসচিব (তথ্য ব্যবস্থাপনা-১), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ | আহ্বায়ক |
| (খ) | উপপরিচালক (মোহাম্মদ সাদ্দাম হোসেন খাঁন), এগ্রিকালচার উইং, বিবিএস | সদস্য |
| (গ) | উপপরিচালক (লিজেন শাহ নঈম), এফএ অ্যান্ড এমআইএস উইং, বিবিএস | সদস্য |
| (ঘ) | সিনিয়র সহকারী সচিব (হিসাব শাখা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ | সদস্য |
| (ঙ) | পরিচালক, এফএ অ্যান্ড এমআইএস উইং, বিবিএস। | সদস্য-সচিব |

### ৪. আপ্যায়ন উপকমিটি:

| | | |
|---|---|---|
| (ক) | উপসচিব (পরিকল্পনা অধিশাখা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ | আহ্বায়ক |
| (খ) | উপসচিব (বাজেট, আর্থিক ব্যবস্থাপনা ও অডিট), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ | সদস্য |
| (গ) | উপপরিচালক (মোঃ শফিকুল ইসলাম), এগ্রিকালচার উইং, বিবিএস | সদস্য |
| (ঘ) | উপপরিচালক (মোঃ সাহাবুদ্দীন সরকার), এফএ অ্যান্ড এমআইএস উইং, বিবিএস | সদস্য |
| (ঙ) | উপপরিচালক (মোহাম্মদ সেলিম সরকার), ইন্ডাস্ট্রি অ্যান্ড লেবার উইং, বিবিএস। | সদস্য-সচিব |

### ৫. শিশুদের ব্যবস্থাপনা উপকমিটি:

| | | |
|---|---|---|
| (ক) | উপসচিব (উন্নয়ন-২), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ | আহ্বায়ক |
| (খ) | যুগ্মপরিচালক (মোঃ আব্দুল হালিম), এগ্রিকালচার উইং, বিবিএস | সদস্য |
| (গ) | উপপরিচালক (মোঃ শফিকুল ইসলাম), এগ্রিকালচার উইং, বিবিএস | সদস্য |
| (ঘ) | উপপরিচালক (রেশমা জেসমিন), সেন্সাস উইং, বিবিএস | সদস্য |
| (ঙ) | উপপরিচালক (সৈয়দা মারুফা সাকি), ইন্ডাস্ট্রি অ্যান্ড লেবার উইং, বিবিএস | সদস্য |
| (চ) | উপপরিচালক (মোহাম্মদ জুনাঈদ ভূঁইয়া), ইন্ডাস্ট্রি অ্যান্ড লেবার উইং, বিবিএস | সদস্য |
| (ছ) | সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার (আইসিটি শাখা) পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ | সদস্য |
| (জ) | পরিসংখ্যান কর্মকর্তা (জেরিনা পাশা), ইন্ডাস্ট্রি অ্যান্ড লেবার উইং, বিবিএস | সদস্য |
| (ঝ) | পরিসংখ্যান কর্মকর্তা (মোঃ আসাদুর আলম প্রধান), ন্যাশনাল একাউন্টিং উইং, বিবিএস | সদস্য |
| (ঞ) | সহকারী সচিব (এসডিজি সেল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ। | সদস্য-সচিব |

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

পূর্ব পৃষ্ঠার পর

**৬. ভিডিও চিত্র প্রদর্শন উপকমিটি:**

| | | |
|---|---|---|
| (ক) | সিস্টেম অ্যানালিস্ট (আইসিটি অধিশাখা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ | আহ্বায়ক |
| (খ) | প্রোগ্রামার (আইসিটি শাখা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ | সদস্য |
| (গ) | সিস্টেম অ্যানালিস্ট (যতন কুমার সাহা), কম্পিউটার উইং, বিবিএস | সদস্য-সচিব |